63

দৈনিক বাংলা

তারিখ 12 SEP 1996
পৃষ্ঠা ১ কলাম ১

## ভারপ্রাপ্ত ভিসির নেতৃত্বে সভায় ঐকমত্য

# ছাত্রলীগ ছাত্রদল ৭২ ঘন্টার মধ্যে সন্ত্রাসীদের তালিকা দেবে

**স্টাফ রিপোর্টার** : আগামী ৭২ ঘন্টার মধ্যে ছাত্রলীগ ও ছাত্রদল একে অপরের সন্ত্রাসীদের চিহ্নিত করে তার তালিকা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে জমা দেয়ার ব্যাপারে সম্মত হয়েছে। এই তালিকা অনুযায়ী কর্তৃপক্ষ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থানরত সন্ত্রাসীদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবে।

গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর শহীদউদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় সংগঠন দুটি এই সম্মতি প্রকাশ করে।

সভায় ক্যাম্পাসে শান্তি প্রতিষ্ঠার ব্যাপারে বিস্তারিত আলোচনার পর ছাত্র নেতৃবৃন্দের মধ্যে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, যেসব ছাত্র এখনও নিজ নিজ হলে ফিরে যেতে পারেনি আজ দুপুর ১২টার মধ্যে হলের প্রভোস্টদের কাছে তারা আবেদন করবেন। হলের প্রভোস্ট ছাত্র নেতৃবৃন্দের সহযোগিতায় এই ছাত্রদের নিজ নিজ হলে উঠিয়ে দেবেন।

বৈঠকে ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না, বাহাদুর ব্যাপারী, সাজ্জাদ হোসেন, জাতীয়তাবাদী ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল খালেক,

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

**ছাত্রলীগ, ছাত্রদল**

(প্রথম পৃষ্ঠার পর)

এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন, ছাত্রঐক্যের আসলাম খান, ওবায়দুর রহমান চুন্নু প্রমুখ উপস্থিত ছিলেন।